

## দক্ষ উদ্যোক্তা তৈরী করবে ক্রিয়েটিভ বাংলাদেশ প্রকল্প

ঢাকা (23 মে, ২০১৭):

দেশে বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে বেকারত্ব হ্রাস ও কর্মসংস্থান সৃষ্টি জন্য সর্বাগ্রে প্রয়োজন দক্ষ ও প্রশিক্ষিত উদ্যোক্তা। এ লক্ষ্যে দেশে দক্ষ ও প্রশিক্ষিত উদ্যোক্তা তৈরীর মাধ্যমে রূপকল্প ২০২১ বাস্তবায়ন ও ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গড়ার প্রত্যয় নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ইনোভেশন এন্ড এন্টিপ্রেনিউরশিপ ল্যাব (DU ie-Lab) "Creation of Entrepreneurs and Intrapreneurs through Accelerating Innovation and Entrepreneurial Ecosystem in Bangladesh (CREATIVE BANGLADESH)" নামে ৩ বছর মেয়াদী একটি প্রকল্প বাস্তবায়ন করতে যাচ্ছে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশে ইনোভেশন ও উদ্যোক্তা ইকোসিস্টেম উন্নয়ন তথা ত্বরান্বিত করা।

Korea International Cooperation Agency (KOICA) প্রকল্পটি বাস্তবায়নে আর্থিক ও কারিগরী সহায়তা প্রদান করতে প্রাথমিকভাবে সম্মতি প্রদান করেছে। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ প্রকল্পটির পলিসি এন্ড অ্যাডভোকেসি সংক্রান্ত সহায়তা প্রদান করবে। এ সংক্রান্ত এক সভা আজ বিকালে বিডা'র নির্বাহী চেয়ারম্যান কাজী এম. আমিনুল ইসলামের সভাপতিত্বে বিডা'র বোর্ডরুমে অনুষ্ঠিত হয়।


বিডা নির্বাহী চেয়ারম্যান বলেন, আমাদের প্রতিষ্ঠানের অন্যতম প্রধান ফোকাস হচ্ছে ইনোভেশন। দেশে বিনিয়োগ ও কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে জিডিপি প্রবৃদ্ধি ৭ থেকে দুই ডিজিটে উন্নীত করতে গুণগত মানসম্পন্ন দক্ষ ও প্রশিক্ষিত উদ্যোক্তা উন্নয়ন অত্যাবশ্যিক। তিনি বলেন, প্রকল্পটি একটি অতি গুরুত্বপূর্ণ জাতীয় পর্যায়ের প্রকল্প হিসেবে বাস্তবায়ন জরুরী। কেননা, প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের তৃণমূল পর্যায়ে দক্ষ বিনিয়োগকারী ও উদ্যোক্তা গড়ে ওঠবে এবং জেলা-উপজেলা পর্যায়ে বিনিয়োগ উন্নয়ন ও সহায়তা ইউনিট ফলপ্রসূভাবে কাজ করতে পারবে।

প্রকল্প সংক্রান্ত বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠান কৌশল ও নেতৃত্ব (Organization Strategy & Leadership) বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ রাশেদুর রহমান।

উল্লেখ্যঃ প্রকল্পটিতে শিল্প অংশীদার হিসেবে Metropolitan Chamber of Commerce and Industries (MCCI), Dhaka Chamber of Commerce and Industries (DCCI) ও Bangladesh Employers Federation (BEF) এবং নলেজ (জ্ঞান) অংশীদার হিসেবে National Skills development Council (NSDC), Small and Medium Enterprise Foundation (SMEF) এবং Bangladesh University of Engineering and Technology (BUET) কাজ করতে একমত হয়েছে।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় ইনোভেশন এন্ড এন্টিপ্রেনিউরশিপ ল্যাব এবং KOICA এর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

বৈঠক সূত্র জানায়, পরবর্তী বৈঠকে বিডা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধ্যে এ সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে।



(ফয়সল হাসান)

সিনিয়র তথ্য অফিসার

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

প্রধানমন্ত্রীর কার্যালয়।